



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৪ ফেব্রুয়ারি ২০১৭

প্রেস বিজ্ঞপ্তি

পানছড়িতে ২ ইউপিডিএফ কর্মী আটকের নিন্দা ও প্রতিবাদ অবিলম্বে নিঃশর্ত মুক্তির দাবি

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি জেলা ইউনিটের সমন্বয়ক কিছুদিন আগে কারামুক্ত উজ্জ্বল স্মৃতি চাকমা আজ মঙ্গলবার (১৪ ফেব্রুয়ারি ২০১৭) সংবাদ মাধ্যম প্রদত্ত এক বিবৃতিতে সেনাবাহিনী কর্তৃক পানছড়িতে ইউপিডিএফ-এর দুই কর্মীকে অন্যায়ভাবে আটকের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন এবং অবিলম্বে আটককৃতদের নিঃশর্ত মুক্তির দাবি করেছেন।

বিবৃতিতে তিনি বলেন, আজ মঙ্গলবার ভোর রাত ৪টার দিকে ৩০-৩৫ জনের একটি সেনাদল পানছড়ি উপজেলার নাপিদা পাড়ায় হানা দিয়ে সুহান্ত চাকমা(৩৫) ও ভাগ্য চাকমা(৫০) নামে দুই ইউপিডিএফ সদস্যকে আটক করে। গণসংযোগের কাজ সেরে এ দু'জন কর্মী রাতে নিকটস্থ রনজিত চাকমার বাড়িতে অবস্থান করেন।

ইউপিডিএফ নেতা অভিযোগ করে বলেন, আটকের সময় ইউপিডিএফ কর্মীদের কাছ থেকে অবৈধ কোন কিছু না পেলেও সেনারা তাদের হাতে দেশীয় তৈরি অস্ত্র (এলজি) গুঁজে দিয়ে চোখ বেঁধে নিয়ে যায়। এত এলজি কিভাবে এবং কোথা থেকে সেনা জওয়ানদের হাতে যায় এবং তারা সুবিধেমত নিরীহ লোকজনদের হাতে ধরিয়ে দেয়-গ্রেফতার নাটক মঞ্চস্থ করে, এর সাথে বড় রকমের বাণিজ্য রয়েছে বলেও ইউপিডিএফ নেতা মন্তব্য করেন।

এই আটকের ঘটনাকে ইউপিডিএফ-এর উপর ধারাবাহিক নিপীড়নের অংশ উল্লেখ করে বিবৃতিতে তিনি বলেন, অন্যায় দমন-পীড়ন চালিয়ে ন্যায়সঙ্গত আন্দোলন দমন করা যায় না, তা সম্ভব নয়। পাক হানাদার বাহিনী বর্বর নিপীড়ন-নির্যাতন হত্যাকাণ্ড চালিয়ে পূর্ব বাংলার সাধারণ খেটে-খাওয়া বাঙালিদের মুক্তির আকাঙ্ক্ষা গুড়িয়ে দিতে পারেনি। পাহাড়েও দমন-পীড়নের বিরুদ্ধে ক্ষুদ্র জনতা ফুঁসে উঠবে, তা কেবল সময়ের ব্যাপার মাত্র।

বিবৃতিতে তিনি অবিলম্বে আটক দুই ইউপিডিএফ কর্মীকে নিঃশর্ত মুক্তি, অন্যায় ধরপাকড় ও নিপীড়ন-নির্যাতন বন্ধের দাবি জানিয়েছেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।